

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং ৩৩.০২.৬১২২.৫০১.২২.০০১.২৫. ১৭৮

তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি:

“নোটিশ”

এতদ্বারা গফরগাঁও উপজেলাধীন সকল মৎস্য চাষীদেরকে জানানো যাচ্ছে যে, মাছের খাবার হিসেবে মুরগি বিষ্ঠা ( দাপ্তরিক নাম লিটার) ব্যবহার করছেন অনেক মৎস্য চাষীরা। জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ এই উপাদান মাছের খাদ্য হিসেবে ব্যবহারের মাত্রা বেড়েই চলেছে। লিটারের মাধ্যমে চাষকৃত মাছে অ্যান্টিবায়োটিকের উপস্থিতি পাওয়া যায়, ইহা স্বাস্থ্যসম্মত নয়। মুরগি পালনে নানা রকম অ্যান্টিবায়োটিক ব্যবহার হয়। যেগুলো মুরগির বিষ্ঠার মাধ্যমে মাছের শরীরে প্রবেশ করে কমতে পারে রোগ প্রতিরোধ ক্ষমতা। এগুলো ক্ষত হই না। তাই এগুলো মাছের মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করে স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। এতে মানুষের হার্ট, কিডনি ও লিভারের মারাত্মক ক্ষতি হতে পারে বলে সতর্ক করেছেন বিশেষজ্ঞরা।

এ ছাড়া মাছ চাষে সরাসরি মুরগি বিষ্ঠা ব্যবহার পুকুরের পানির জন্য ক্ষতিকর, মাছের জন্য ক্ষতিকর, পুকুরের মাটির জন্য ক্ষতিকর। লাভ বেশি হওয়ায় আবার অনেকে মৎস্য খামারের ওপর মুরগির শেড করে সরাসরি মাছ কে বিষ্ঠা খাওয়ানো হচ্ছে, মুরগির বিষ্ঠা বস্তায় ভরে পুকুরে মাছের খাদ্য দিচ্ছে। এর ফলে পানি দূষণের পাশাপাশি নষ্ট হচ্ছে আশপাশের পরিবেশ।

মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন, ২০২০ এর ধারা ৩১ (২) অনুযায়ী কোন ব্যক্তি মৎস্য খামারে নিষিদ্ধ ঔষধ এবং রাসায়নিক ও ক্ষতিকারক পদার্থ ব্যবহার করিলে বা মৎস্য খামারে উত্তম মৎস্য চাষ পদ্ধতি অনুসরণ না করিলে — উহা একটি অপরাধ হবে এবং উক্ত অপরাধের জন্য তিনি অনূন ২ (দুই) বছরের কারাদন্ড বা অনধিক ৮ (আট) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবেন।

মৎস্য চাষের পুকুরে/জলাশয়ে লিটার (মুরগি বিষ্ঠা) ও মানুষের মল-মূত্র ব্যবহার না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক,

জনাব .....

পিতা: .....

গ্রাম : .....

মৎস্য খামার মালিক/মৎস্য চাষি, গফরগাঁও, ময়মনসিংহ।

০৯/০৯/২০২৫

তাহমিনা খাতুন

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং ৩৩.০২.৬১২২.৫০১.২২.০০১.২৫. ১৭৮

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৪. প্রশাসক, ..... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ (সকল)।
৫. নোটিশ বোর্ড।

তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি

০৯/০৯/২০২৫

তাহমিনা খাতুন

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
গফরগাঁও, ময়মনসিংহ।